

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

এফই সার্কুলার নং ০১

তারিখঃ ফেব্রুয়ারী ০৫, ২০১৫

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

### ইপিজেডস্থ প্রতিষ্ঠান কর্তৃক বৈদেশিক মুদ্রায় পরিশোধ প্রদান বিষয়ে রিপোর্টিং পদ্ধতি প্রসংগে।

গাইডলাইস ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন-২০০৯, ভলিউম-১ এর ৮ নম্বর অধ্যায়ের ২৭ নম্বর অনুচ্ছেদের প্রতি অনুমোদিত ডিলারদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। আলোচ্য অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশী পণ্য অথবা উৎপাদন উপকরণাদি বৈদেশিক মুদ্রায় ইপিজেডস্থ প্রতিষ্ঠানে বিক্রয় কার্যক্রম রপ্তানি হিসেবে বিবেচিত হয়। এ জাতীয় লেনদেনের ক্ষেত্রে প্রচলিত বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় ইএক্সপি ফরমে ঘোষণা এবং রপ্তানি মূল্য প্রত্যাবাসন সম্পর্কিত নির্দেশনা প্রযোজ্য হবে। এ জাতীয় রপ্তানি ইপিজেডস্থ প্রতিষ্ঠানের জন্য আমদানি হিসেবে বিবেচনা করা হয়। ইপিজেডস্থ প্রতিষ্ঠানের আমদানিযোগ্য পণ্য আমদানির ক্ষেত্রে রিপোর্টিং পদ্ধতি সুবিধাকরণের লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ইপিজেডস্থ প্রতিষ্ঠানের অনুমোদিত ডিলার ব্যাংক স্টেটমেন্ট-১০ (ওবিইউ এর ক্ষেত্রে স্টেটমেন্ট-১১) এর আওতায় সিডিউল ই-২ তে বৈদেশিক মুদ্রা পরিশোধ সংশ্লিষ্ট ইএক্সপি ফর্মের সূত্র উল্লেখপূর্বক রিপোর্ট করতে পারবে। ইএক্সপি ফর্মের সূত্র উল্লেখপূর্বক রিপোর্টিং পদ্ধতি একই ইপিজেডস্থ প্রতিষ্ঠানের মধ্যে এবং এক ইপিজেডস্থ প্রতিষ্ঠানের সাথে অন্য ইপিজেডস্থ প্রতিষ্ঠানের লেনদেনের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

০২। সংশোধিত পদ্ধতি অন-লাইন রিপোর্টিং পোর্টালে রিপোর্টকরণের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে, বিদেশ থেকে ইপিজেডস্থ প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে প্রচলিত রিপোর্টিং ব্যবস্থা যথারীতি অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০